

তারিখ: ২০/০৫/২০২৬

স্মারক নং: ববি/ব্যপ্র/অবি/২০২৬/২৩


## সেমিস্টার ফাইনাল পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি (স্প্রিং-২০২৬)

বিবিএ প্রোগ্রামের সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে, আগামী ১০ জুন, ২০২৬ তারিখ থেকে সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচী নোটিশ বোর্ড, ফেসবুক এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

### পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলী

- শিক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর পূর্বেই চলমান সেমিস্টারের সকল ফি (১ম, ২য় এবং ৩য় কিস্তি) পরিশোধ করতে হবে।
- আগামী ০৭/০৬/২০২৬ তারিখ থেকে ০৮/০৬/২০২৬ তারিখের মধ্যে স্টুডেন্ট প্যানেলের মাধ্যমে Teachers' Assessment সম্পন্ন করতে হবে (উল্লেখ্য যে, কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী Teachers' Assessment না করলে, কোন শিক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষার Admit Card পাবে না)।
- পরীক্ষার্থীদের অবশ্যই Admit Card সঙ্গে আনতে হবে। Admit Card ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- প্রোগ্রাম অফিস থেকে কোন Admit Card প্রদান করা হবে না।
- পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর ১০ মিনিট পূর্বে হলে প্রবেশ করতে হবে।
- পরীক্ষা চলাকালীন সময়ে কোন পরীক্ষার্থী পরীক্ষা হলের বাইরে যেতে পারবে না।
- পরীক্ষা চলাকালীন সময়ে Admit Card এবং কলম রাখার জন্য Transparent Bag (স্বচ্ছতা সম্পন্ন ব্যাগ) ছাড়া অন্য কোন ধরনের ব্যাগ ব্যবহার করা যাবে না।
- পরীক্ষা চলাকালীন সময়ে কোন পরীক্ষার্থী Smart Watch এবং কোন ধরনের মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না।
- পরীক্ষার হলে প্রয়োজনীয় অন্যের সরঞ্জাম যেমন: কলম, ক্যালকুলেটর, স্কেল, ইরেজার ইত্যাদি ব্যবহার থেকে বিরত থাকতে হবে। প্রত্যেক পরীক্ষার্থী নিজেই নিজের প্রয়োজনীয় সরঞ্জাম নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করবে।
- পরীক্ষার্থীদেরকে পরীক্ষার তারিখ এবং সময় গুরুত্বসহকারে লক্ষ্য করতে বলা হলো।

ফলাফল প্রকাশের তারিখ: ২ জুলাই, ২০২৬



প্রফেসর ড. কানিজ হাবিবা আফরিন

বিভাগীয় প্রধান

ব্যবসায় প্রশাসন বিভাগ

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়